দৈনিক সংবাদ

১৫

তারিখ ... JUL 1 8 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

# স্কুল কলেজ মাদ্রাসার জরুরি মেরামতে যৌথ তহবিল

॥ রেজা রায়হান ॥

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোর জরুরি মেরামত ও সংরক্ষণ কাজের জন্য একটি যৌথ তহবিল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। ব্যাংকে অলস অবস্থায় পড়ে থাকা দেশের ৭টি শিক্ষা বোর্ডের জমাকৃত অর্থের একাংশ এবং সরকারের সম পরিমাণ অর্থ নিয়ে এ যৌথ তহবিল গঠিত হবে।

এক বছর আগে নেয়া হিসাব অনুযায়ী ৭টি শিক্ষা বোর্ডের ব্যাংকে জমাকৃত অর্থের পরিমাণ ২শ' ৪২ লাখ টাকা। এর মধ্যে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী ও যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ব্যাংকে মোট ১শ' ৫২ কোটি ২০ লাখ টাকা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ব্যাংকে ২৫ কোটি ৫২ লাখ টাকা এবং টেক্সটবুক বোর্ডের ব্যাংকে ৬৪ কোটি ৭০ লাখ টাকা জমা আছে।

স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হওয়ায় এ ৭টি শিক্ষাবোর্ডের উদ্বৃত্ত অর্থ সরকারের সংযুক্ত তহবিলে জমা হয় না। টেক্সটবুক বোর্ড ছাড়া অন্য ৬টি শিক্ষা বোর্ড লাখ লাখ পরীক্ষার্থীর কাছ থেকে প্রতি বছর বিভিন্ন ধরনের ফি পেয়ে থাকে। নানা খাতে ব্যয়ের পরেও শিক্ষা বোর্ডসমূহের তহবিলে প্রতি বছর বিপুল পরিমাণ অর্থ জমা হচ্ছে। টেক্সটবুক বোর্ডের ব্যাংক একাউন্টেও বোর্ড প্রকাশিত বইয়ের বিক্রয়লব্ধ অর্থের লভ্যাংশ জমা হয়।

বর্তমানে দেশে ১৫শ' ৬০টি মহাবিদ্যালয়, ১২ হাজার ৬শ' ২৬টি উচ্চ বিদ্যালয়, ৫ হাজার ৯শ' ৭৬টি মাদ্রাসাসহ ২০ হাজার ১শ' ৬২টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ৫শ' ৫৪টি সরকারি এবং বাকিগুলো বেসরকারি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বেতনের ৮০ শতাংশ এবং ১শ' ৫০ টাকা চিকিৎসাভাতা ও ১শ' টাকা বাড়িভাড়া ভাতা সরকারকে বহন করতে হয়। এ বাবদ রাজস্ব বাজেটে গত বছর ১১শ' ২৫ কোটি টাকা ব্যয় হয়েছে। এছাড়া শিক্ষাখাতে অন্যান্য আরো খরচের পর রাজস্ব বাজেটে শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংরক্ষণে প্রয়োজনের তুলনায় বরাদ্দের পরিমাণ অপ্রতুল। গত বছর এ বাবদ বরাদ্দের পরিমাণ ছিল মাত্র ৩৩ কোটি টাকা।

মন্ত্রণালয় ৭টি শিক্ষা বোর্ডের ব্যাংকে গচ্ছিত অর্থের ২৫ শতাংশ নিয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহের জরুরি মেরামত ও সংরক্ষণের জন্য 'যৌথ তহবিল নামে তহবিল গঠনের উদ্যোগ নিয়েছে। এ তহবিলে সরকারি অর্থ প্রদানের পরিমাণ নির্ভর করবে সরকারের আর্থিক সামর্থ্যের উপর।

রাজস্ব বাজেটের আওতায় প্রস্তাবিত এ তহবিল গঠিত হবে। প্রতি বছরের বাজেটে এটা প্রতিফলিত হবে। শিক্ষাবোর্ডগুলো যাতে তাদের জমা অর্থের একাংশ এ যৌথ তহবিলে জমা দিতে পারে সেজন্য রাজস্ব বাজেটে কর বহির্ভূত রাজস্ব খাতের অধীনে আরেকটি উপ-খাত তৈরি করা হবে। এভাবে নির্দিষ্ট অর্থ বছরের শেষে প্রস্তাবিত তহবিলে বোর্ডগুলোর সম্মিলিত অবদানের উপর ভিত্তি করে যৌথ তহবিলের পরিমাণ নির্ধারিত হবে। শিক্ষামন্ত্রী এ যৌথ তহবিলের সভাপতি হবেন। এ তহবিলে ৭ বোর্ডের চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সদস্য থাকবেন।